## ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ী কুমিল্লা সিটি কর্পোরেশনের ১৮ নং ওয়ার্ডের **ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি)** গঠন করা হয়েছে। এ কমিটি ওয়ার্ড পর্যায়ের নানাবিধ সমস্যা চিহ্নিতকরণ, পর্যালোচনা, সমাধানের উপায় এবং উন্নয়ন কর্মকান্ড টেকশই ও গতিশীল করার সহায়ক ভূমিকা পালন করবে। এ লক্ষ্যে ১৮নং ওয়ার্ডের **ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি'র (ডব্লিউএলসিসি)** সভা আহ্বান করা হয়েছে। সভার সময়সূচি নিম্নরূপ-

| | |
|---|---|
| সভার স্থান | : ১৮নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয় |
| তারিখ | : ২৫/১০/২০২৩খ্রি. |
| সময় | : বিকাল ৪.০০ঘটিকা |

০২। কমিটি'র একজন সম্মানিত সদস্য হিসেবে উক্ত সভায় অংশগ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো। আপনার মূল্যবান মতামত ও পরামর্শ ওয়ার্ড পর্যায়ে বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ, পর্যালোচনা, সমাধানের উপায় এবং টেকশই উন্নয়ন পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন ও বেগবান করায় সহায়তা করবে।

০৩। আলোচ্যসূচি:

০১। ওয়ার্ডের বিভিন্ন রাস্তার ও ড্রেইন উন্নায়ন সংক্রান্ত আলোচনা।
০২। নাগরিক সেবা-পরিষেবার মানোন্নয়ন।
০৩। পরিচ্ছন্নতা, জলাবদ্ধতা ও মশক নিধন কার্যক্রম।
০৪। ওয়ার্ড পর্যায়ে রাজস্ব আদায় কার্যক্রম। যেমন-হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স, পানির বিল ইত্যাদি।
০৫। বিবিধ:

এড. মো: শওকত আকবর
কাউন্সিলর, ১৮নং ওয়ার্ড
কুমিল্লা সিটি কর্পোরেশন
ও
সভাপতি
ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন ১৮নং ওয়ার্ড কমিটি

প্রাপক:

জনাব/বেগম.................................................................

অনুলিপি:

০১. প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০২. সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৩. পিএ টু মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪. অফিস কপি

বিষয়ঃ ১৮নং ওয়ার্ডের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) সভা। তারিখ: ১৫/১০/২০২৩খ্রি:

## উপস্থিতি স্বাক্ষর

| ক্র.নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এড.মো: শওকত আকবর | সভাপতি | [illegible] |
| ০২ | হাজী নেহার বেগম | সহ: সভাপতি | নেহার |
| ০৩ | আ: আউয়াল | সদস্য | আ: আউয়াল |
| ০৪ | বীর মুক্তি যোদ্ধা আ: মমিন | " | আ: মমিন |
| ০৫ | রেজাউল করিম ডবলু | " | রেজাউল |
| ০৬ | মো: শাহ নেওয়াজ | " | শাহনেওয়াজ |
| ০৭ | শাহনাজ খানম পিংকি | " | পিংকি |
| ০৮ | মো: জসিম উদ্দিন চৌধুরী | " | জসিম |
| ০৯ | মো: শাকিল আহাম্মদ | " | শাকিল |
| ১০ | কাজী আলমগীর সরকার | " | কাজী আলমগীর |
| ১১ | মো: মোতাহের হোসেন | " | মোতাহের হোসেন |
| ১২ | ফারজানা আক্তার মিষ্টি | " | মিষ্টি |
| ১৩ | আ: সবুর | " | সবুর |
| ১৪ | মো: ওমর ফারুক পাটোয়ারী | সদস্য সচিব | [illegible] |
| ১৫ | | | |
| ১৬ | | | |
| ১৭ | | | |
| ১৮ | | | |

# কুমিল্লা সিটি কর্পোরেশন

## ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি (WLCC) সভার

## কার্যবিবরণী

সভাপতি : এড. মোঃ শওকত আকবর
কাউন্সিলর, ১৮নং ওয়ার্ড, কুসিক
তারিখ : ১৫/১০/২০২৩ খ্রী:
সময় : বিকাল ৪.০০ ঘটিকা
স্থান : ১৮নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়।

কুমিল্লা সিটি কর্পোরেশনের ১৮নং ওয়ার্ড সচিব ও সদস্য সচিব জনাব, মোঃ ওমর ফারুক পাটোয়ারী উপস্থিত সকল সদস্যবৃন্দদের স্বাগত জানিয়ে ও উক্ত সভার গুরুত্ব সম্পর্কে অবগত করে সভার কার্যক্রম শুরু করেন এবং সম্মানিত সভাপতি ১৮নং ওয়ার্ড সাধারণ আসনের কাউন্সিলর জনাব এড. মোঃ শওকত আকবর মহোদয়কে স্বাগত বক্তব্য রাখার অনুরোধ জানান। সভাপতি মহোদয় তার মূল্যবান বক্তব্যে WLCC এর কার্যক্রম সম্পর্কে অবগত করে উপস্থিত সকলের সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ করেন।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | সম্মানীত সভাপতি কাউন্সিলর জনাব এড. মোঃ শওকত আকবর তার স্বাগত বক্তব্যে এই সভার গুরুত্ব সম্পর্কে উপস্থিত সকল সদস্য বৃন্দকে অবগত করেন এবং ওয়ার্ডে দৈনিক পরিষ্কার-পরিচ্ছন্ন কর্মসূচী, মশক নিধনের প্রক্রিয়াসহ দৈনন্দিক উন্নয়নমূলক বিভিন্ন কর্ম পদ্ধতি সম্পর্কে উপস্থিত সকলকে অবগত করেন। তিনি আরও উল্লেখ করেন যে, মহানগরবাসীর নগর সেবার মান আরো উন্নত করতে নগরীর হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স ও পানির বিলসহ অন্যান্য সিটি কর সময়মতো পরিশোধ করলে নগর বাসীর জীবন মান উন্নয়ন করা সম্ভব হবে।<br>তিনি সকলকে সিটি কর প্রদানে উৎসাহ প্রদান করেন। পাশাপাশি সকল বকেয়া বিলগুলো দ্রুত পরিশোধের অনুরোধ জানান।<br>ওয়ার্ডের যে কোন সমস্যা যে কোন সময় কাউন্সিলর মহোদয়ের মোবাইল ফোন নাম্বারে অথবা ওয়ার্ড কার্যালয়ে সরাসরি অবগত করার জন্য অনুরোধ জানান। | | |
| ২. | সম্মানীত সদস্য জনাব, আঃ আউয়াল বলেন কাটাবিল ইনসাফ হাউজিং এস্টেট সকল রাস্তা ও ড্রেনেজ সমস্যা রয়েছে এবং কাটাবিল জজ মিয়ার বাড়ীর সামনে হইতে ৩নং সেকশন বকসিয়া জামে মসজিদ পর্যন্ত রাস্তা আরসিসি ও ড্রেইন নির্মাণ করা খুবই জরুরী। যা দীর্ঘদিন যাবত সমাধান হচ্ছেনা বিষয়টি সরেজমিনে পরিদর্শন সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করার সভাপতিকে অনুরোধ জানান। | সম্মানিত সভা সমন্বয়ক জনাব মোঃ মেজবাহ উদ্দিন, ফুড এন্ড সেনিটেশন কর্মকর্তাকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সিটি কর্পোরেশনে মাসিক মিটিংএ প্রকল্প প্রস্তাব করবেন | |
| ৩. | সুশীল সমাজ প্রতিনিধি জনাব, রেজাউল করিম জবলু বলেন, হযরতপাড়া মোহন মিস্ত্রীর বাড়ী হইতে বৌদ্ধ বাড়ী হয়ে মেইন রোড পর্যন্ত রাস্তা আরসিসি ও ড্রেইন নির্মাণ করণ করা দরকার। সাধারণ মানুষ এই রাস্তাটি সংস্কার ও ড্রেইন না | সম্মানিত সভা সমন্বয়ক জনাব মোঃ মেজবাহ উদ্দিন, ফুড এন্ড সেনিটেশন কর্মকর্তাকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সিটি | |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| | থাকার কারণে এর আশে পাশের মানুষ অনেক অসুবিধায় আছেন। যা সুরাহা প্রয়োজন। | কর্পোরেশনে মাসিক মিটিংএ প্রকল্প প্রস্তাব করবেন | |
| ৪. | বীর মুক্তিযোদ্ধা আঃ মমিন বলেন হাউজিং এস্টেট ২, ৩, ও ৪ নং সেকশন গলি রাস্তা ও ড্রেইন অনেক বছর আগে তৈরি। বর্তমানে হাউজিং এরিয়ার সকল এরিয়া সিটি কর্পারেশনের হোল্ডিং টেক্স এর আওতায় আনা হয়েছে। তাই হাউজিং এর গলির রাস্তা ও ড্রেইনগুলো নির্মাণের জন্য সম্মনীত সভাপতিকে অনুরোধ জানান। | কর্পোরেশনে মাসিক মিটিংএ প্রকল্প প্রস্তাব করবেন | |
| ৫. | সম্মানীত নারী প্রতিনিধী সদস্য জনাবা, শাহনাজ খানম পিংকি বলেন নুরপুর প্রফেসার জাহাঙ্গীর মিয়ার বাড়ী হইতে দক্ষিণপাড়া সরকারী প্রা: বিদ্যালয় পর্যন্ত রাস্তা ও ড্রেইনটি নতুন প্রকল্পের মাধ্যমে করা প্রস্তাব করেন। এতে সভার সহ সভাপতি জনাবা, কাজী নেহার বেগম বিষয়টি জরুরী করার জন্য সম্মতি প্রদান করেন। | কর্পোরেশনে মাসিক মিটিংএ প্রকল্প প্রস্তাব করবেন | |
| ৬. | সম্মানীত সদস্য জনাব, মোঃ শাকিল আহাম্মদ সরকার বলেন- আমি প্রায়শ লক্ষ্য করেছি সিটি কর্পোরেশন কর্তৃক স্থাপনকৃত বৈদ্যুতিক সড়ক বাতিগুলো দিনের বেলায় অবাদে জ্বলে। যার ফলে অতিরিক্ত বিদ্যুৎ বিল আসে। যার বিল গুলো আমাদের টেক্সের টাকা থেকেই প্রদান করা হয়। অতএব, বিষয়টি সমাধানের জন্য জোরালো দাবি জানান। | সিটি কর্পোশেন ইলেক্ট্রিক শাখা প্রধানের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হবে। সদস্য সচিব জনাব,মোঃ ওমর ফারুক পাটোয়ারী | |
| ৭. | সামাজিক ও সাংস্কৃতিক সদস্য জনাব, কাজী আলমগীর বলেন, হাউজিং ২নং সেকশন খেলার মাঠের পূর্বপাশের রাস্তাটি বর্ষার সৃজনে বড় বড় গর্ত হয়ে চলাচলের অনোপযোগী হয়ে গেছে। তাই রাস্তাটি দ্রত আরসিসি করার জন্য ব্যবস্থা নিতে সভাপতিকে অনুরোধ করা হয় এতে জনগনের ভোগান্তি কমবে বলে তিনি মনে করেন। | কর্পোরেশনে মাসিক মিটিংএ প্রকল্প প্রস্তাব করবেন | |
| ৮. | সদস্য সচিব জনাব, মোঃ ওমর ফারুক পাটোয়ারী, ১৮নং ওয়ার্ড সচিব বলেন, ভবিষ্যতে ওয়ার্ডের সার্বিক উন্নয়ন বাস্তবায়ন করতে হলে এভাবে ত্রৈমাসিক মিটিং করে ওয়ার্ডের নাগরিক সেবাসহ অন্যান্য যে কোন সমস্যা চিহ্নিত করলে উন্নয়নের ধারাবাহিকতা বজায় থাকবে। | প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর উক্ত সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৯. | পরিশেষে সম্মানিত সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে ভবিষ্যতে এ ধরনে মিটিং এর আয়োজন করা হলে সকলে যেন উপস্থিত থাকে তার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন। | | |

এড. মো: শওকত আকবর
কাউন্সিলর, ১৮নং ওয়ার্ড
কুমিল্লা সিটি কর্পোরেশন
ও
সভাপতি
ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন ১৮নং ওয়ার্ড কমিটি

২০/১০/২৩

অনুলিপি: সদয় অবগতির জন্য

০১। জনাবা, কাজী নেহার বেগম, কাউন্সিলর ১৬,১৭,১৮ নং ওয়ার্ড এবং সহ-সভাপতি ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি

০২। জনাব মো: মেজবাহ উদ্দিন, ফুড এন্ড সেনিটেশন কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন ও সভা সমন্বয়ক, ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি

০৩। সম্মানিত সদস্য (সকল)

০৪। অফিস কপি